সৌদিতে পৌঁছেছেন ৬৩ হাজার হজযাত্রী, এ পর্যন্ত ১২ জনের মৃত্যু

২০১৯ সালের পবিত্র হজব্রত পালন করতে এ পর্যন্ত সৌদি আরব সৌদি আরব পৌঁছেছেন ৬২ হাজার ৭৪৫ জন বাংলাদেশি হজযাত্রী।

বৃহস্পতিবার রাত পর্যন্ত আরও ৪ বাংলাদেশির মৃত্যু হয়েছে এ নিয়ে এ বছর মৃতের সংখ্যা দাঁড়ালো ১২জনে। এর মধ্যে মক্কায় ৯জন, মদীনায় ২জন এবং জেদ্দায় ১জন। এদেশের মধ্যে ১০জন পুরুষ এবং ২জন নারী। হজ মিশন সূত্রে জানা গেছে ১৯ জুলাই ভোর পর্যন্ত বাংলাদেশ বিমানের ৮৮টি এবং সৌদিয়ার ৮৫টি মোট ১৭৩টি ফ্লাইটে করে সরকারি ব্যবস্থাপনার ৪হাজার ৬০৪জন এবং বেসরকারি ব্যবস্থাপনার ৫৮হাজার ১৪১জন বাংলাদেশি সৌদি আরবে পৌঁছেছেন।

সবশেষ মারা যাওয়া ৪ হজযাত্রী হলেন, রাজশাহীর গোদাগাড়ী উপজেলার মোছাঃ কুলসুম বেগম (৬৯) তার পাসপোর্ট নং বিটি ০৩৫৯৯৬৬, শরীয়তপুরের জাজিরা উপজেলার আব্দুল মান্নান মাল (৭১) তার পাসপোর্ট নং বিকিউ ০৮৫৭৫৮৪, কক্সবাজার সদর উপজেলার সফিউজ্জামান
(৬০) তার পাসপোর্ট নং বিএল ০৪৫০৩৭০ এবং কক্সবাজারের চকরিয়া উপজেলার আবু তালেব (৮৫) তার পাসপোর্ট নং ইএ ০৫২৩৩৩৩।

এদিকে বাংলাদেশ হজ অফিস মক্কার কনফারেন্স কক্ষে বৃহস্পতিবার রাতে প্রশাসনিক দলের দলনেতা এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ন সচিব মোঃ জহির আহমেদের সভাপতিত্বে হজ প্রশাসনিক দলের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ থেকে আগত হজযাত্রীদের মক্কা, মদিনা ও জেদ্দার সেবা কার্যক্রম এবং সার্বিক হজ ব্যবস্থাপনা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। সভায় অন্যান্যের মধ্যে বাংলাদেশ হজ অফিস মক্কার কাউন্সিলর মুহাম্মাদ মাকসুদুর রহমান, মক্কাস্থ মৌসুমী হজ অফিসার মোঃ শাখাওয়াত হোসেন, কনসাল আবুল হাসান (হজ), প্রশাসনিক দলের সদস্যবৃন্দ, চিকিৎসক দলের দলনেতা এবং আইটি দলের দলনেতা উপস্থিত ছিলেন।

এ বছর বছর ৫৯৮টি এজেন্সির মাধ্যমে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় ১ লাখ ২৭ হাজার বাংলাদেশির হজ পালনের কথা রয়েছে।